

- ৪। নারী কর পতি সার, পতি ছাড়া ছু'স্নে আর,
চার ধারে কলির অনুচর, ঘোরে দিবারাতি ॥
- ৫। পরনারী মাতৃসম, নরে মা'ন এ নিয়ম,
ছেড়ে দিয়ে ঘোর কাল ঘুম, নামে দেও মতি ॥
- ৬। পবিত্র চরিত্র রাখে, সদা সত্য কথা মুখে,
তাঁর হৃদয়ে হরি থাকে, শাস্ত্রে ভারতী ॥
- ৭। ঘরে ঘরে হরি মন্দির, রাস্তা-ঘাট সব রাখ স্থির,
বীর্যশালী হে মহাবীর, ঘুম যেওনা রাতি ॥
- ৮। পুত্র কন্যাগণে শিক্ষা, দিতে হয় দাও করে ভিক্ষা,
কর ম'তো ধর্ম রক্ষা, হও ব্যথার ব্যথী ॥
- ৯। সাধু ভাবে আয় করিলে, অভাব নেই তার কোন কালে,
মানামান সব ঠেলে ফেলে, কর্মে দাও মতি ॥
- ১০। যথা ধর্ম তথা জয়, আমার পিতা হরিচাঁদ কয়,
ধর্ম রেখে কর্ম কর মানব জাতি ॥
- ১১। পরম দয়াল পিতা আমার, নিতে এল জগতের ভার,
মহানন্দের সকল অসার কিসে পায় গতি ॥

—মহানন্দ হালদার

সমাপ্ত